57

তারিখ ... 20 SEP 1996
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৫

দৈনিক সংবাদ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঃ দু'পক্ষই শক্ত অবস্থানে

# ছাত্রলীগ-শিবির গুলি বিনিময়

( নিজস্ব বার্তা পরিবেশক )

চট্টগ্রাম, ১৯শে সেপ্টেম্বর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলাকায় ছাত্রলীগ ও ছাত্র-শিবিরের মধ্যে আজ বৃহস্পতিবার আরেক দফা গুলি বিনিময় হয়েছে। ছাত্রলীগ ১ নং ও ২ নং সড়কে অবরোধ অব্যাহত রেখেছে। গত রাতে ফতেয়াবাদ এলাকায় রেল-লাইনের কিছু অংশ তুলে ফেলা হলে বিশ্ববিদ্যালয় ও নাজিরহাট শাখা লাইনে ট্রেন চলাচল বন্ধ রয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ১০ই অক্টোবর পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে।

ইসলামী ছাত্রশিবির বর্তমানে বিশ্ব-বিদ্যালয় ক্যাম্পাসে তাদের নিয়ন্ত্রণ জোরদার করেছে। বিভিন্ন স্থান থেকে সশস্ত্র ক্যাডারদের এনে তারা হলে হলে জড়ো করেছে। শিবির কর্মীরা বিশ্ববিদ্যালয় ফটকে চেকপোস্ট বসিয়ে তাদের কর্মী এবং তাদের প্রতি সহানুভূতিশীলদের ছাড়া আর কাউকেই ক্যাম্পাসে ঢুকতে দিচ্ছে না। মুজিবুর রহমান নামে একজন ছাত্রলীগ কর্মী শহীদ রব হলের সামনে শিবির কর্মীদের দ্বারা প্রহৃত হয়। তাকে ক্যাম্পাস থেকে আহত অবস্থায় বের করে দেয়ার পর বেলা দেড়টার দিকে ১ নং সড়কের মাঝামাঝি স্থানে শিবির ও ছাত্রলীগ কর্মীদের ব্যাপক গুলিবিনিময় হয়। উভয়পক্ষে প্রায় ২৫/৩০ রাউন্ড গুলি হয়েছে বলে জানা যায়।

ছাত্রলীগ নেতৃবৃন্দ ক্যাম্পাসের বাইরে মদনহাটে বিশ্ববিদ্যালয় প্রক্টরের সাথে এক বৈঠক করে ক্যাম্পাসকে শিবিরের দখলমুক্ত করার দাবি জানিয়েছে। তারা প্রতিটি হলে অনুষদভিত্তিক সিট বরাদ্দের দাবি জানিয়েছে। অন্যদিকে শিবির নেতারা ক্যাম্পাসে উপাচার্যকে স্মারকলিপি দিয়ে বলেছে, সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস করার জন্য ছাত্রলীগের ১৫ জনকে গ্রেফতার করতে।

আজ জাতীয়তাবাদী ছাত্রদল বিশ্ব-বিদ্যালয়ে সৃষ্ট অচলাবস্থার নিরসনের দাবিতে নগরীর নাসিমন ভবন চত্বরে এক সমাবেশ করেছে। আবদুল্লাহ মুধার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অবিলম্বে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবি জানিয়ে বক্তব্য রাখেন নাজিমুর রহমান, আবুল কাসেম, সেলিম রাজা, শহীদ উদ্দিন, কাজি নজরুল ইসলাম প্রমুখ।